

জাতীয় জীবপ্রযুক্তি মেলা ২০১৯

টেকসই উন্নয়নে জীবপ্রযুক্তি

তারিখ : ১৮ ও ১৯ অক্টোবর, ২০১৯ (শুক্রবার ও শনিবার)

স্থান : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় সরণী, ঢাকা

বর্তমান বিশ্ব এখন জীবপ্রযুক্তির আশীর্বাদপুষ্ট। জীবপ্রযুক্তি প্রয়োগের মাধ্যমে কৃষি, চিকিৎসা, পরিবেশ এবং শিল্প ক্ষেত্রে এসেছে বৈপ্লবিক পরিবর্তন। আমরাও তার ব্যতিক্রম নই। বাংলাদেশে জীবপ্রযুক্তি বিষয়ক শিক্ষা, গবেষণা ও জীবপ্রযুক্তি ভিত্তিক ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ এবং জীবপ্রযুক্তি বিষয়ে জনসচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনস্থ জীবপ্রযুক্তি বিষয়ক বিশেষায়িত গবেষণা প্রতিষ্ঠান ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) সহ জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠান সাফল্যের সাথে কাজ করে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর পৃষ্ঠপোষকতায় দেশে চলমান জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট কার্যক্রম প্রদর্শন ও জীব প্রযুক্তি বিষয়ে জনসচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) দ্বিতীয়বারের মত আয়োজন করতে যাচ্ছে ‘জাতীয় জীবপ্রযুক্তি মেলা ২০১৯’।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয় সরণী, ঢাকাতে ১৮ ও ১৯ অক্টোবর, ২০১৯ অনুষ্ঠিতব্য দুই দিন ব্যাপী এ মেলায় জীবপ্রযুক্তির বিভিন্ন দিক ও জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট বিভিন্ন কার্যক্রম প্রদর্শন করা হবে।

কার্যক্রম প্রদর্শনী

- জীবপ্রযুক্তি সংশ্লিষ্ট গবেষণা প্রতিষ্ঠান, স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়, শিল্প, ব্যবসা ও সেবা প্রতিষ্ঠানসমূহ এবং স্ব-শিক্ষিত গবেষকদের কার্যক্রম প্রদর্শন।

সাংস্কৃতিক অনুষ্ঠান

সেমিনার/আলোচনা

- জীবপ্রযুক্তির জনপ্রিয় বিষয়ে উপস্থাপনা

প্রতিযোগিতা ও পুরস্কার

- জনসচেতনতামূলক পোস্টার ডিজাইন প্রতিযোগিতা
- গবেষণা থিসিস ৩ মিনিটে উপস্থাপনা প্রতিযোগিতা
- কুইজ প্রতিযোগিতা



আয়োজনে: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বিস্তারিত জানতে: www.nib.gov.bd

সার্বিক ব্যবস্থাপনায়:



ন্যাশনাল ইনস্টিটিউট
অব বায়োটেকনোলজি